

## ■■ দল, সংগঠন, ইমারত ও বায়'আত সম্পর্কে বিশিষ্ট উলামায়ে কেরামের বক্তব্য

বিভাগ/অধ্যায়ঃ (২) মুকীম অবস্থায় 'ইমারত' বিষয়ক বিধি-বিধান সম্পর্কে সউদী আরবের উচ্চ উলামা পরিষদের ফংওয়া

রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: আমি বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র, আমাকে সর্বদা বিভিন্ন মতবাদ এবং দলের মধ্যে বসবাস করতে হয়। তাদের সবাই নিজের দলকে শ্রেষ্ঠ মনে করে এবং সর্বাত্মক চেষ্টা করে নিজেদের সহযোগী সদস্য বাড়ানোর কাজে ব্যস্ত থাকে। যেমন: 'জামা'আতুল ইখওয়ান', 'তাবলীগ জামা'আত (যারা ৪০ দিন, ৪ মাস চিল্লায় বের হয়)', 'জামা'আতু আনছারিস-সুন্নাহ', আব্দুল হামীদ ছাহেবের 'জামা'আহ ইছলাহিইয়াহ' ইত্যাদি। এক্ষণে আমাদেরকে সঠিক পথটি বাৎলে দিবেন বলে আশা করছি।

উত্তর: নির্দিষ্টভাবে কোনো জামা'আতের পক্ষাবলম্বন না করে হক ও দলীলভিত্তিক বিষয়কে আঁকড়ে ধরে থাকা তোমার জন্য যরারী। তবে কোনো দল সালাফে ছালেহীনের অনুসৃত ছহীহ আকীদার সংরক্ষক হলে তাদেরকে সহযোগিতা করা যেতে পারে। যাহোক, তোমার কর্তব্য হচ্ছে, কুরআন ও ছহীহ সুন্নাহ্র প্রতি আমল করা এবং যাবতীয় বিদ'আত ও কুসংস্কার বর্জন করে চলা। আল্লাহ তাওফীক্ব দান করুন।([1])

## ফুটনোট

([1]) প্রাগুক্ত, ৪০**৯৩** নং ফৎওয়ার দ্বিতীয় প্রশ্ন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5286

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন